ইরানের প্রেসিডেন্ট ও পররাষ্ট্রমন্ত্রীর মর্মান্তিক মৃত্যুতে ভারত সরকারের তরফে একদিনের জাতীয় শোক ঘোষণা করা হয়েছে

মে 20, 2024

ভারত সরকার আগামিকাল অর্থাৎ 21 মে 2024, ইসলামি প্রজাতন্ত্র ইরানের রাষ্ট্রপতি ডক্টর সাইয়্যেদ ইব্রাহিম রাইসি এবং ইসলামি প্রজাতন্ত্র ইরানের পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ান, হেলিকপ্টার দুর্ঘটনায় দুঃখজনকভাবে মারা গেছেন। তাঁদের সম্মানের চিহ্ন হিসেবে একদিনের জাতীয় শোক ঘোষণা করা হয়েছে ভারত সরকারের তরফে | ভারত জুড়ে শোকজ্ঞাপনার্থে যে সমস্ত ভবনগুলিতে জাতীয় পতাকা নিয়মিত ওড়ানো হয় সেখানে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উড়ানো হবে এবং সেদিন সব রকমের আনুষ্ঠানিক বিনোদন বন্ধ থাকবে |

ভারতের প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী এবং বিদেশ মন্ত্রী ড. এস জয়শঙ্কর, ডক্টর সাইয়েদ ইব্রাহিম রাইসি এবং হোসেন আমির-আব্দুল্লাহিয়ান-এর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন । তাঁরা ভারত-ইরান সম্পর্ককে শক্তিশালী করতে দুই নেতার গুরুত্বপূর্ণ ভূমিকা উল্লেখ করেছেন।

নতুন দিল্লি 20 মে, 2024